

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা



শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে গঠিত সুরক্ষা সেবা বিভাগের বাছাই কমিটির সভার কার্যবিবরণী:

| | |
|------------|-----------------------------|
| সভাপতি | মোঃ মোকাম্মির হোসেন সচিব |
| সভার তারিখ | ০১-০৬-২০২১ খ্রি. |
| সভার সময় | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | সচিব মহোদয়ের অফিস কক্ষে |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত যথাযথভাবে বাছাই-কার্যক্রম সম্পন্ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন। সভাপতি কমিটির সদস্য সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

০২। সুরক্ষা সেবা বিভাগ এর কর্মকর্তা/কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন:

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) জানান যে, শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭” অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ হতে গ্রেড-১ হতে ১০ গ্রেড পর্যন্ত কর্মকর্তাগণের মধ্যে হতে ০১ (এক) জন এবং গ্রেড-১১ হতে ২০ গ্রেড পর্যন্ত কর্মচারীদের মধ্য হতে ০১ (এক) জন ও অধিদপ্তর প্রধানগণের মধ্যে হতে ০১ (এক) জনকে মনোনীত করার জন্য বিধান আছে। সুরক্ষা সেবা বিভাগের ৩৬ জন (১ম শ্রেণি কর্মকর্তা গ্রেড-১ হতে ৯ গ্রেড পর্যন্ত) এবং ২য় শ্রেণি কর্মকর্তা ৩২ জন (১০ম গ্রেড) ও ৮৫ জন কর্মচারীর (গ্রেড-১১-২০ গ্রেড পর্যন্ত) ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম সভায় মূল্যায়ন করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:

২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম সভায় মূল্যায়নকালে বিগত ০১ বছরে শুদ্ধাচার চর্চার বিষয়ে আগ্রহ প্রদর্শন এবং এ সংক্রান্ত কাজে অবদান রাখার জন্য সার্বিক যাচাইয়ে গ্রেড-১ হতে ১০ গ্রেড পর্যন্ত কর্মকর্তাগণের মধ্যে হতে জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, উপসচিব শুদ্ধাচার পুরস্কার নীতিমালার নির্ধারিত সূচকের ১০০ নম্বরের মধ্যে সর্বোচ্চ ৯৬ নম্বর প্রাপ্ত হওয়ায় এবং গ্রেড ১১ হতে ২০ গ্রেড পর্যন্ত কর্মচারীদের মধ্যে হতে জনাব সানহার আলী ঝান, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক শুদ্ধাচার পুরস্কার নীতিমালার নির্ধারিত সূচকের ১০০ নম্বরের মধ্যে সর্বোচ্চ ৯২ নম্বর প্রাপ্ত হওয়ায় তাঁদেরকে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত করা হয়।

০৩। অধিদপ্তর প্রধানগণের মধ্যে হতে একজনকে শুদ্ধাচার পুরস্কার প্রদান:

সদস্য সচিব জানান যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ৩.৩ নং অনুচ্ছেদ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের মধ্যে হতে ০১ জনকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন ০৪টি অধিদপ্তরের মধ্যে ২০১৮-১৯ অর্থ বছরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ এবং ২০১৯-২০২০

অর্থ বছরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন। অধিদপ্তর প্রধানগণের মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম সভায় মূল্যায়ন করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:

অধিদপ্তর প্রধানগণের সার্বিক কার্যক্রম মূল্যায়ন ও বিস্তারিত আলোচনা অন্তে ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার চর্চায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আইয়ুব চৌধুরী, এসজিপি, পিবিজিএমএস, এনডিসি, পিএসসি এর প্রাপ্ত নম্বর সর্বোচ্চ ৯৫ হওয়ায় তাঁকে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত করা হয়।

০৪। “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭” অনুযায়ী অধিদপ্তর সমূহ কর্মকর্তা/কর্মচারীদের মনোনয়ন ও পুরস্কার প্রদান করতঃ সুরক্ষা সেবা বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোঃ মোকাম্মির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.০৫.০০৪.১৯.২১২

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮

০৮ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ২) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ


শহীদ মোহাম্মদ ছাইদুল হক
উপসচিব